আজকের কাগজ

তারিখ 0 2 APR 1994

পৃষ্ঠা ৬ কলাম ৬

5/

# শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমু করার আহবান

শিক্ষাঙ্গনকে সন্ত্রাস মুক্ত করে শহীদ রাজুর আদর্শ বাস্তবায়ন করার জন্যে দেশের ছাত্র সমাজকে এগিয়ে আসতে হবে। ছাত্র সমাজের নৈতিক মনোবলের কাছে গুটিকয়েক সন্ত্রাসী পরাজিত হতে বাধ্য।

গতকাল বাংলাদেশ ছাত্র ইউনিয়ন সূত্রাপুর থানার দ্বাদশ সম্মেলনের উদ্বোধন ঘোষণাকালে সংগঠনের সভাপতি সরদার রুহিন হোসেন প্রিন্স এ কথা বলেন, সুলতানুল আরেফীন বায়জীদের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে ও সাধারণ সভায় বক্তব্য রাখেন কেন্দ্রিয় সংসদের সভাপতি সরদার রুহিন হোসেন প্রিন্স, মহানগর সংসদের সভাপতি হাসান হাফিজুর রহমান সোহেল, কেন্দ্রিয় সংসদের দফতর সম্পাদক আসলাম উদ্দিন, সমাজকল্যাণ সম্পাদক মুস্তাফিজুর রহমান মাসুদ, মহানগর কমিটির সাংগঠনিক সম্পাদক রুমন্ত আলী খোকন, সহ-সাধারণ সম্পাদক বিকাশ সাহা প্রমুখ। সম্মেলনে নেতারা অবিলম্বে ছাত্র ইউনিয়ন প্রস্তাবিত শিক্ষানীতি বাস্তবায়ন ও ছাত্র সমাজের দশ দফা পূরণের জন্যে সরকারের প্রতি আহবান জানান। নেতারা অবিলম্বে শহীদ রাজু, আসলাম, তপন ও গোবিন্দসহ সংগঠনের সকল শহীদদের হত্যাকারীর বিচার দাবি করেন। খবর বিজ্ঞপ্তি।